

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা
কর্মসম্পাদন ও কৌশল শাখা
www.ictd.gov.bd

২০২১-২২ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) বাস্তবায়ন ও পরিবীক্ষণ কমিটির ২য় সভার কার্যবিবরণী

সভাপতি : খন্দকার আজিজুল ইসলাম, অতিরিক্ত সচিব (আইসিটি প্রমোশন ও গবেষণা অনুবিভাগ)
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
সভার তারিখ : ২১ নভেম্বর ২০২১ খ্রি.
সময় : দুপুর ১২:০০ টা
সভার স্থান : কক্ষ নম্বর-৭১৮, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভার প্রারম্ভে উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ২০২১-২২ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন)-এর ২য় সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সেবা প্রদান প্রতিশ্রুতি কমিটির বিকল্প ফোকাল পয়েন্ট জনাব এস এম শফিক, উপসচিব, কর্মসম্পাদন ও কৌশল শাখা এ বিভাগের নবসৃষ্ট শাখাসহ সকল শাখা হতে প্রদানকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) সংক্রান্ত তথ্য সভায় উপস্থাপন করেন। অতঃপর সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) পূর্ববর্তী সভায় সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি: পূর্ববর্তী সভার সিদ্ধান্ত নিম্নরূপভাবে বাস্তবায়ন করা হয়েছে:

ক্রমিক নং	সিদ্ধান্ত	অগ্রগতি	বাস্তবায়নের হার
১.	সেবা প্রদান প্রতিশ্রুতি নিয়মিত হালনাগাদ করতে হবে।	নিয়মিত হালনাগাদ করা হচ্ছে।	১০০%
২.	নতুন অর্গানোগ্রাম অনুযায়ী শাখাভিত্তিক সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।	১০০%
৩.	সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়নের ক্ষেত্রে এ সংক্রান্ত নির্দেশিকা যথাযথভাবে অনুসরণ করতে হবে।	নির্দেশিকা যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে।	১০০%

(খ) সভার আলোচনা ও সিদ্ধান্ত :

১। আলোচনা:

সভায় আইসিটি বিভাগের নতুন অর্গানোগ্রাম অনুযায়ী শাখাভিত্তিক সেবা প্রদান প্রতিশ্রুতির (সিটিজেনস্ চার্টার) প্রাপ্ত তথ্যের পর্যালোচনায় দেখা যায় মোট ৩২টি শাখার মধ্যে ২৪টি শাখা হতে সেবা প্রদান করা হয়। সে প্রেক্ষিতে সংশ্লিষ্ট শাখা হতে প্রাপ্ত তথ্য যাচাই-বাছাই করার জন্য সিটিজেন চার্টার সংক্রান্ত কমিটিকে নির্দেশনা প্রদান করা হয় এবং একটি সভা/ওয়ার্কশপ আয়োজনের মাধ্যমে এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) চূড়ান্তকরণের জন্য সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। উক্ত সভা/ওয়ার্কশপে অনুবিভাগ প্রধানগণ স্ব-স্ব অনুবিভাগের আওতাধীন শাখাসমূহের সিটিজেন চার্টার পর্যবেক্ষণের প্রতিনিধিত্ব করবেন মর্মে সকল অনুবিভাগ প্রধানকে পত্র প্রেরণ করার নির্দেশনা প্রদান করেন। তাছাড়া সভায় এ বিভাগের লজিস্টিক সেবা শাখা-২ শাখা পরিবীক্ষণ করা হয়। পরিবীক্ষণান্তে দেখা যায় যে, লজিস্টিক সেবা শাখা-২ শাখা হতে নিম্নবর্ণিত অভ্যন্তরীণ সেবাসমূহ প্রদান করা হয়:

ক্রম. নং.	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	মন্তব্য
i.	দাপ্তরিক কাজে ব্যবহৃত আসবাবপত্র/ অফিস সরঞ্জাম ইত্যাদি মেরামত সেবা প্রদান	রিকুইজিশন স্লিপ পাওয়ার পর ব্যবস্থা গ্রহণ।	নির্ধারিত রিকুইজিশন স্লিপে আবেদন	বিনামূল্যে	০৩ কার্যদিবস	সঠিক সময়ে সেবা প্রদান করা হয়।
ii.	অভ্যন্তরীণ সভা/সেমিনার/কর্মশালায় আপ্যায়ন সেবা প্রদান	রিকুইজিশন স্লিপ/পত্র পাওয়ার পর ব্যবস্থা গ্রহণ।	রিকুইজিশন স্লিপ/পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করণ	বিনামূল্যে	০১ কার্যদিবস	
iii.	বিভিন্ন ধরনের অনুষ্ঠানে লজিস্টিক সাপোর্ট প্রদান	রিকুইজিশন স্লিপ/পত্র পাওয়ার পর ব্যবস্থা গ্রহণ।	রিকুইজিশন স্লিপ/পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করণ	বিনামূল্যে	০৩ কার্যদিবস	

২। সিদ্ধান্ত : সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম নং.	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
i.	সংশ্লিষ্ট শাখা হতে প্রাপ্ত সিটিজেন চার্টারের তথ্য যাচাই-বাছাই করে একটি খসড়া তৈরি করতে হবে।	সিটিজেন চার্টার (সেবা প্রদান প্রতিশ্রুতি) সংক্রান্ত কমিটি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ii.	সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) চূড়ান্তকরণের জন্য একটি সভা/ওয়ার্কশপ আয়োজন করতে হবে।	উপসচিব কর্মসম্পাদন ও কৌশল শাখা ও সিটিজেন চার্টারের বিকল্প ফোকাল পয়েন্ট তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

অতপর: সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Mlam
22/11/2022
মুঃ মেসবাহুল আলম
প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি
বিভাগ

হিসরাত জাহান
22/11/2022
ইসরাত জাহান
উপসচিব

এস এম শফিক
22.11.22
উপসচিব

খন্দকার আজিজুল ইসলাম
22.11.2022
অতিরিক্ত সচিব
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

নম্বর-৫৬.০০.০০০০.০৫০.০৫.০০৬.২১-

তারিখঃ ০৭ পৌষ ১৪২৮
২২ নভেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ঢাকা [সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা [ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।]